সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

## কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর অধিক্ষেত্রভুক্ত সম্মানিত করদাতাগণের

## অগ্রিম আয়করের ১ম কিস্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর অধিক্ষেত্রাধীন সম্মানিত করদাতাদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৬৪ ধারা মোতাবেক যে সকল সম্মানিত করদাতার সর্বশেষ নিরূপিত আয় (কৃষি আয় এবং মূলধনী আয় ব্যতীত) ৪,০০,০০০/- টাকার বেশী তাদের জন্য অগ্রিম আয়কর প্রদান বাধ্যতামূলক। আয়কর অধ্যাদেশের ৬৫/৬৬ ধারা অনুযায়ী সর্বশেষ নিরূপিত আয়ের উপর প্রদেয় আয়কর ৪(চার) কিস্তিতে (১৫ সেপ্টেম্বর, ২০১৫, ১৫ ডিসেম্বর, ২০১৫, ১৫ মার্চ, ২০১৬ এবং ১৫ জুন, ২০১৬) পরিশোধ করতে হবে। ২০১৬-২০১৭ কর বছরের প্রদেয় অগ্রিম করের ১ম কিস্তি ১৫-০৯-২০১৫ ইং তারিখের মধ্যে পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে। যথাসময়ে অগ্রিম কর পরিশোধে ব্যর্থ করদাতাগণকে অধ্যাদেশের ৭০/৭৩ ধারা অনুযায়ী সরল সুদ এবং ১২৫ ধারা অনুযায়ী জরিমানা আরোপের বিধান রয়েছে।

এ কারণে, কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর সার্কেলসমূহের অধিক্ষেত্রাধীন অগ্রিম কর প্রদানযোগ্য সকল সম্মানিত করদাতাকে সরল সুদ ও জরিমানা এড়ানোর লক্ষ্যে **১৫-০৯-২০১৫** ইং তারিখের মধ্যে ২০১৬-২০১৭ কর বছরের প্রদেয় অগ্রিম আয়করের ১ম কিস্তির টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সরকারী রাজস্ব আহরণে কর অঞ্চল-৩, চট্টগ্রাম আপনার সহযোগিতা কামনা করছে। অগ্রিম কর প্রদান বা আয়কর সংক্রান্ত কোন বিষয়ে জিজ্ঞাসা থাকলে নিম্নোক্ত নম্বরসমূহে যোগাযোগ করবার জন্য অনুরোধ করা হল ঃ

| | | | |
|---|---|---|---|
| **বেগম সফিনা জাহান**<br>অতিরিক্ত কর কমিশনার<br>পরিদর্শী রেঞ্জ-১<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম।<br>ফোন ঃ ০৩১-৭২৩৭১৪ | **জনাব হেমল দেওয়ান**<br>যুগ্ম কর কমিশনার<br>পরিদর্শী রেঞ্জ-২<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম।<br>ফোন ঃ ০৩১-৭২৩৯৩৩ | **জনাব ফরিদ আহমেদ**<br>যুগ্ম কর কমিশনার<br>পরিদর্শী রেঞ্জ-৪<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম।<br>ফোন ঃ ০৩১-৭২৩৭১১ | **জনাব মুরাদ আহমেদ**<br>উপ কর কমিশনার (সদর প্রশাসন)<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম।<br>ফোন ঃ ০৩১-৭২৮৩২৬ |

- আয়কর জমার ক্ষেত্রে হিসাবের কোড ঃ
  - কোম্পানীর জন্য - ১/১১৪১/০০৫০/০১০১
  - কোম্পানী ব্যতীত - ১/১১৪১/০০৫০/০১১১

(মোঃ নজরুল ইসলাম)
কর কমিশনার
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
☎ ঃ ০৩১-৭২৫৮৯৭